

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.১১-১১৮

তারিখ : ২২ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ
০৫ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বিষয়ঃ ১৪৩৭ হিজরি সনের (২০১৬ খ্রিস্টাব্দ) পবিত্র রমজান মাসের অফিস সময়সূচি নির্ধারণ।


১৪৩৭ হিজরি সনের (২০১৬ খ্রিস্টাব্দ) পবিত্র রমজান মাসে দেশের সকল সরকারি ও আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য অফিস সময়সূচি নিম্নরূপঃ

(১) রবিবার থেকে বৃহস্পতিবার : সকাল ৯:০০ মিনিট হতে বেলা ৩:৩০ মিনিট পর্যন্ত (বেলা ১:১৫ মিনিট হতে ১:৩০ মিনিট পর্যন্ত যোহরের নামাজের বিরতিসহ)।

(২) শুক্রবার ও শনিবার : সাপ্তাহিক ছুটি।

(৩) ব্যাংক, বীমা, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, ডাক, রেলওয়ে, হাসপাতাল ও রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান, কলকারখানা এবং অন্যান্য প্রতিষ্ঠান যাদের সার্ভিস অতি জরুরি ঐ সকল প্রতিষ্ঠান তাদের নিজস্ব আইন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে তাদের নিজস্ব অফিস সময়সূচি নির্ধারণ ও অনুসরণ করবে। বাংলাদেশ সুপ্রিম কোর্ট ও এর আওতাধীন সকল কোর্টের সময়সূচি বাংলাদেশ সুপ্রিম কোর্ট নির্ধারণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ আলমগীর হোসেন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫১৪৪৯২

sasreg4@mopa.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব, (সকল) বিভাগ/মন্ত্রণালয়।
- ০৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
- ০৫। পিএসও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। কমিশনার, (সকল)।
- ০৯। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ১০। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
- ১১। জেলা প্রশাসক, (সকল)।
- ১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১৪। উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৫। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রদানের অনুরোধসহ)।
